গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি (ইস্ট শাখা)
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২১.০৭.০০৮.২৫-৯৮ তারিখ: ২৭.০৩.২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: কুমিল্লা সড়ক জোনের অধীন ফেনী সড়ক বিভাগের "ফেনী-পরশুরাম-বিলোনিয়া সড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নম্বর WP-01 (Package No-ADP/FRD/OSTETM/FPBRP/WP-01/2023-2024, Tender ID-1004189) এর কাজের দরপত্র অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সওজ এর ২৬.০২.২০২৫ এর ই-জিপি হতে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮" এর ১১ বিধি অনুযায়ী TEC এবং HOPE এর সুপারিশের পরিপ্রেক্ষিতে কুমিল্লা সড়ক জোনের অধীন ফেনী সড়ক বিভাগের "ফেনী-পরশুরাম-বিলোনিয়া সড়ক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নম্বর WP-01 এর আওতায় Construction of Flexible from Ch. 0+000 km to 9+000 with different ancillary works including Construction of 3 nos (13.00m) RCC Box Culvert of Feni-Parsuram-Belonia road under Feni Road Division during the year 2023-2024. (Package No-ADP/FRD/OSTETM/FPBRP/WP-01/2023-2024, Tender ID-1004189) এর কাজের দরপত্রে সর্বনিম্ন Responsive দরদাতা Western Engineering (Pvt) Ltd. এর Evaluated Tender Price ৬৪,২৭,০২,৩৯৬.৭৯৯ (চৌষট্টি কোটি সাতাশ লক্ষ দুই হাজার তিনশত ছিয়ানব্বই দশমিক সাত নয় নয়)] টাকার দরপত্রটি নিম্নবর্ণিত শর্তাবলীর আলোকে নির্দেশক্রমে অনুমোদন জ্ঞাপন করা হলো:

**শর্তসমূহ:**

(ক) অনুমোদিত ডিপিপিতে উল্লিখিত (WP-01) এর দফাওয়ারী আইটেমে ধার্যকৃত দর/ব্যয় অতিক্রম করা যাবে না;
(খ) অনুমোদিত ডিপিপির (WP-01) প্যাকেজের বিপরীতে সংস্থানকৃত টাকার অতিরিক্ত কোনো অর্থ ব্যয় করা যাবে না;
(গ) যে সকল ক্ষেত্রে অংগভিত্তিক ব্যয় ও পরিমাণ অনুমোদিত ডিপিপি অতিক্রম করেছে সে সকল ক্ষেত্রে ডিপিপি পুনঃসংশোধন না করে ডিপিপির অতিরিক্ত ব্যয় নির্বাহ করা যাবে না;
(ঘ) ব্যয় নির্বাহের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত বিধি-বিধানসহ সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে;
(ঙ) দরপত্রে উল্লিখিত কাজের নাম অনুযায়ী ডিপিপি'তে উক্ত প্যাকেজে তার প্রতিফলনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(চ) কার্য সম্পাদন জামানত ৫.০০% রাখতে হবে;
(ছ) নির্ধারিত সময় ও চুক্তিমূল্যে মানসম্পন্ন কাজ সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭(৪)(গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(জ) সওজ আধিদপ্তরের আওতায় চলমান অন্যান্য কাজ এবং NOA প্রাপ্ত সকল কাজ নির্ধারিত সময়ে স্বীয় আর্থিক, কারিগরি, জনবল ও অন্যান্য সক্ষমতার মাধ্যমে সম্পন্ন করতে পারবেন মর্মে কার্যাদেশ প্রদানের পূর্বে ঠিকাদারে নিকট হতে যথারীতি অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে;
(ঝ) চুক্তি মোতাবেক প্রারম্ভিক Work Mobilization যথাসময়ে হয়েছে কীনা এ সংক্রান্ত প্রত্যয়ন এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
(ঞ) ক্রয়কারী সংস্থাকে দরপত্র দাখিলে অসঙ্গত তথ্য জমা দেওয়া দরপত্রদাতাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৭-০৩-২০২৫
মো: আবুল কালাম আজাদ
সহকারী সচিব

**বিতরণ:**

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কুমিল্লা জোন, কুমিল্লা।

**অনুলিপি:**

০১. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবন ও সেতু মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

**পূর্ব পৃষ্ঠা হতে-**

০২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি ই-জিপি একাউন্টে প্রক্রিয়াকরণ করার জন্য অনুরোধ করা হলো)

০৪. সিনিয়র প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি ই-জিপির মাধ্যমে প্রক্রিয়াকরণের অনুরোধসহ)।

০৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (অতিরিক্ত সচিব, উন্নয়ন মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৬. অফিস/মাস্টার কপি।